



ইসলামিক ফাউন্ডেশন

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

শোকবার্তা

জামিয়া ইসলামিয়া পটিয়ার মুহতামিম মাওলানা আবু তাহের কাসেমী নদভী ও
হেফাজত ইসলামের মহাসচিব আল্লামা সাজিদুর রহমানের সহধর্মিণীর ইন্তেকালে
ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালকের শোক প্রকাশ

ঢাকা, সোমবার, ৩০ মার্চ ২০২৬

দেশের অন্যতম প্রাচীনতম দ্বীনি শিক্ষাপ্রতিষ্ঠান জামিয়া ইসলামিয়া পটিয়ার মুহতামিম ও শায়খুল হাদিস মাওলানা আবু তাহের কাসেমী নদভী আজ (৩০ মার্চ) সোমবার দুপুরে চট্টগ্রামের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। ইম্মালিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন। তাঁর ইন্তেকালে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আঃ ছালাম খান গভীর শোকাহত এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি আন্তরিক সমবেদনা প্রকাশ করেন। তাঁর বিদেহী রুহের মাগফিরাত কামনা করেন।

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক তাঁর বিবৃতিতে দ্বীনি শিক্ষার প্রচার এবং ইসলাম ও মুসলিম উম্মাহর খেদমতে মাওলানা আবু তাহের কাসেমী নদভীর অসামান্য ও অপরিসীম অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন।

অন্য এক শোকবার্তায় হেফাজত ইসলাম বাংলাদেশের মহাসচিব আল্লামা সাজিদুর রহমানের সহধর্মিণীর ইন্তেকালে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আঃ ছালাম খান শোক প্রকাশ করেন। তিনি মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানান।

উল্লেখ্য, হেফাজত ইসলাম বাংলাদেশের মহাসচিব আল্লামা সাজিদুর রহমানের সহধর্মিণী আজ (৩০ মার্চ) সোমবার ভোর সাড়ে চারটায় রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা লিল্লাহি রাজেউন।

শোকবার্তায় মহাপরিচালক বলেন, মহান আল্লাহ মরহুমাকে জান্নাতুল ফেরদৌসের মেহমান হিসেবে কবুল করুন এবং তাঁর পরিবারকে এ শোক সইবার তাওফিক দান করুন।

৩০.০৩.২০২৬

মুহাম্মদ নিজাম উদ্দিন

জনসংযোগ কর্মকর্তা

মোবাইল ফোন ০১৭২০০৪০৪৩২